



সীমিত

নিয়োগ বিজ্ঞপ্তি

আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ

ঢাকা সেনানিবাস

১। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ সশস্ত্র বাহিনী কর্তৃক পরিচালিত আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজের মেডিসিন, সার্জারী ও গাইনী বিভাগে অস্থায়ী ভিত্তিতে খন্ডকালীন বেসামরিক সহকারী রেজিস্ট্রার এবং বেসিক ও প্যারা ক্লিনিক্যাল বিভাগে লেকচারার নিয়োগের নিমিত্তে জন্মসূত্রে বাংলাদেশী পুরুষ ও মহিলা নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	বেতন	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা
বেসামরিক সহকারী রেজিস্ট্রার (মেডিসিন, সার্জারী ও গাইনী বিভাগ) এবং লেকচারার (বেসিক ও প্যারা ক্লিনিক্যাল বিভাগ)	সর্বসাকুল্যে বেতন ১২,০০০/- এবং অন্যান্য সুযোগ সুবিধা চুক্তি অনুযায়ী প্রদান করা হবে।	বাংলাদেশ সরকার স্বীকৃত যে কোন মেডিক্যাল কলেজ হতে এমবিবিএস ডিগ্রী, এক বৎসর ইন্টার্নশীপ প্রশিক্ষণ সমাপ্ত এবং বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল হতে রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে। মেডিক্যাল কলেজে শিক্ষকতার অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। মেডিসিন, সার্জারীর এবং গাইনী বিভাগের ক্ষেত্রে এফসিপিএস পার্ট-১ উত্তীর্ণ প্রার্থীদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে। প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর এবং শারীরিকভাবে সুস্থ হতে হবে। যোগ্য প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

২। **প্রার্থীর অযোগ্যতা :**

- (ক) সরকারী চাকুরী হতে শৃংখলা জনিত কারণে বরখাস্তকৃত।
- (খ) কোন ফৌজদারী মামলার আসামী বা আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত।

৩। এ ব্যাপারে বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে (০৮০০-১৪০০ ঘটিকা) এএফএমসি'র জিএসও-২ (প্রশিক্ষণ) এর দপ্তর হতে সংগ্রহ করা যাবে।

৪। আগ্রহী প্রার্থীগণকে বিস্তারিত জীবন বৃত্তান্ত সহ আবেদনপত্র আগামী ০৪ ফেব্রুয়ারী ২০১০ তারিখের মধ্যে সোনালী ব্যাংকের যেকোন শাখা হতে ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সোনালী ব্যাংক কর্পোরেট শাখা ঢাকা সেনানিবাস এর অনুকূলে কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ বরাবর সংযুক্ত করে অত্র কলেজের প্রশিক্ষণ শাখায় ডাক যোগে অথবা সরাসরি জমা দিতে হবে।

৫। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে :

- (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি।
- (খ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন সত্যায়িত ছবি।
- (গ) ইন্টার্নশীপ সমাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি।
- (ঘ) বিএমএন্ডডিসি রেজিস্ট্রেশনের সত্যায়িত ফটোকপি।
- (ঙ) অতিরিক্ত যোগ্যতা/অভিজ্ঞতার সনদের সত্যায়িত ফটোকপি (যদি থাকে)।

৬। **মৌখিক পরীক্ষা :** প্রার্থীদের শুধুমাত্র মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। আগামী ১৪ ফেব্রুয়ারী ২০১০ তারিখ রবিবার এবং ১৫ ফেব্রুয়ারী ২০১০ তারিখ সোমবার সকাল ০৯০০ ঘটিকায় অত্র কলেজে অনুষ্ঠিত হবে। অনিবার্য কারণবশতঃ নির্দিষ্ট তারিখে মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত না হলে উক্ত পরীক্ষা পরবর্তী কর্মদিবসে অনুষ্ঠিত হবে। পরীক্ষার প্রবেশপত্র ১০ এবং ১১ ফেব্রুয়ারী ২০১০ তারিখে অফিস চলাকালীন সময়ে (০৮০০-১৪৩০ ঘটিকা) অত্র কলেজের প্রশিক্ষণ শাখা হতে সংগ্রহ করতে হবে। প্রবেশ পত্রে মৌখিক পরীক্ষার তারিখ এবং সময় উল্লেখ থাকবে।

৭। মৌখিক পরীক্ষার ফলাফলের মেধাক্রমানুসারে বিভিন্ন বিষয়ে নিয়োগ প্রদান করা হবে এবং ভবিষ্যতে পদ খালি হওয়া সাপেক্ষে শূন্য পদে নিয়োগের জন্য প্যানেল তৈরী করা হবে।

৮। **চাকুরীর স্থায়ীত্ব :** এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০১ (এক) বৎসরের জন্য হবে। পরবর্তীতে কলেজ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে চাকুরীর মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে। সেনাবাহিনী তথা এএফএমসি'র শৃংখলা পরিপন্থী কোন কাজ বা সামরিক বাহিনীর নিরাপত্তা বিপ্লের কোন কাজে লিপ্ত হলে কোন কারন প্রদর্শন ব্যতিরেকে তাৎক্ষণিক ভাবে অস্থায়ী নিয়োগ বাতিল হবে। নিয়োগকৃত চিকিৎসক স্বেচ্ছায় চাকুরী হতে অব্যাহতি চাইলে নিয়োগকারী কর্তৃপক্ষকে অবশ্যই ০১ (এক) মাস পূর্বে লিখিতভাবে অবহিত করবেন। তবে কোন অবস্থাতেই ০১ (এক) বৎসর পূর্বে চাকুরী হতে অব্যাহতি চাওয়া যাবে না।

৯। নিয়োগ বিজ্ঞপ্তি এবং এই সংক্রান্ত যে কোন তথ্য/সিদ্ধান্ত কলেজ কর্তৃপক্ষ পরিবর্তনের অধিকার সংরক্ষণ করেন।

কমান্ড্যান্ট

আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ

ঢাকা সেনানিবাস

সীমিত